

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩২০
পানিসাগর, ২৯ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

পানিসাগর মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত পানিসাগর মহকুমার ৫৮-পানিসাগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে নিযুক্ত ভোটগ্রহণ কর্মীদের নিয়ে প্রথম পর্যায়ের মহড়া গতকাল শেষ হয়েছে। পানিসাগর ইংরেজী মাধ্যম এসবি স্কুল ও পানিসাগর টাউনহলে আয়োজিত দু'দিনব্যাপী এই মহড়ায় ৩৫৯ জন ভোটগ্রহণ কর্মী অংশগ্রহণ করেন। এরমধ্যে ৮০ জন প্রিসাইডিং অফিসার, ৫৯ জন ফাস্ট পোলিং, ১০৭ জন সেকেন্ড পোলিং ও ৬০ জন থার্ড পোলিং অফিসার রয়েছেন। ভোট গ্রহণ কর্মীদের মহড়ায় ৫৮-পানিসাগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের এআরও সুশান্ত দেববর্মা, পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত, দামছড়া ব্লকের বিডিও অনুপম চাকমা এবং সেক্টর অফিসারগণ ভোট কর্মীদের সঙ্গে ভোট গ্রহণ পদ্ধতির বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন। এছাড়া নির্বাচনের কাজে যুক্ত মাস্টার ট্রেনারগণ ভোটগ্রহণ কর্মীদের বৈদ্যুতিন যন্ত্রে ভোটগ্রহণ পদ্ধতি সহ বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ দেন।
